

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, (২য় ব্লক, ৫ম তলা), ঢাকা - ১০০০।

স্মারক নং- মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/ ১৫৬ (১৭)

তারিখ : ০৭/০৭/২০১৯ খ্রি.

বিষয় : মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্পের ২০১৯ সালের নতুন শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা ও টিউশন ফি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের নতুন শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলার কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। একাউন্ট খোলার কাজ আগামী ২৫/০৭/২০১৯ ইং তারিখ পর্যন্ত চলমান থাকবে। উক্ত সময়ের মধ্যে বিকাশ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খুলতে ব্যর্থ হলে অথবা কোন প্রকার সমস্যা দেখা দিলে তা নিম্নস্বাক্ষরকারীর মেইলে জানানোর জন্য অনুরোধ করা হলো।

কোন যোগ্য শিক্ষার্থীর নাম বিকাশ একাউন্ট খোলার লক্ষ্যে প্রেরিত ACTSS -এ না থাকলে বাদ পড়া যোগ্য শিক্ষার্থীদের SESF-1 ফরম এর সফটকপি নিম্নস্বাক্ষরকারীর মেইলে জরুরীভিত্তিতে প্রেরণ করতে হবে।

ইতোমধ্যে জানুয়ারী-জুন/২০১৮ পর্যন্ত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বিপরীতে টিউশন ফি'র অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অগ্রণী ব্যাংক একাউন্টে প্রেরণ করা হয়েছে। যদি কোন প্রতিষ্ঠান টিউশন ফি'র অর্থ না পেয়ে থাকেন তাহলে জরুরীভিত্তিতে নিম্নলিখিত ছক অনুযায়ী তথ্য মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের আইডি নম্বর	প্রতিষ্ঠানের নাম	অগ্রণী ব্যাংক একাউন্ট নম্বর	শাখার নাম

বিষয়টি অতিব জরুরী।


০৭/০৭/১৯

(শরীফ মোর্তজা মামুন)

প্রকল্প পরিচালক

মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প

ফোন: (০২) ৯৫৬৩৪১২

ইমেইল নম্বর : pdsesp2nd@gmail.com

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা.....

জেলা.....

স্মারক নং- মাশিউপ্র/পিআইইউ/৬১/২০১৬/ ১৫৬ (১৭)

তারিখ : ০৭/০৭/২০১৯ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেওয়া হলঃ

- ১। সকল কর্মকর্তা, মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, -----উপজেলা, জেলা.....।
- ৪। জেলা শিক্ষা অফিসার, জেলা.....
- ৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----উপজেলা, জেলা.....।
- ৬। প্রকল্প পরিচালকের ব্যক্তিগত সহকারী, মাশিউপ্র, শিক্ষা ভবন, ঢাকা।
- ৭। সংরক্ষণ নথি।


০৭/০৭/১৯

(মোঃ তৌফিক এরফান)

প্রকল্প কর্মকর্তা

মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় প্রকল্প

ফোনঃ ৯৫৬৩১৪১